আল-লাজনাতুশ শারইয়্যাহ লিদ-দাওয়াতি ওয়ান-নুসরাহ
اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ
fatwaa.org

ফাতওয়া নাম্বার: ৬০০ প্রকাশকালঃ১৪-১০-২০২৫ ইং

# ব্যবহার্য জিনিসপত্র কুরবানীর নেসাবের অন্তর্ভুক্ত হবে কি?

**প্রশ্ন:**

ক. আমার বাসায় অনেক ফলের গাছ রয়েছে। আমরা ওগুলোর ফল খাই। এ গাছগুলো কি কুরবানীর নেসাবের অন্তর্ভুক্ত হবে?

খ. আমার ১০টি জামা এবং দুটি গাড়ি আছে। আমি প্রায়ই একটি গাড়ি ব্যবহার করি, অন্যটি কম ব্যবহার করি এবং জামাগুলোও আংশিক ব্যবহার করি। অতিরিক্ত গাড়ি ও জামাগুলো কি কুরবানীর নেসাবের অন্তর্ভুক্ত হবে?

গ. আমাদের ঘরে যে শো-কেস রয়েছে, তাতে বিভিন্ন আসবাবপত্র রয়েছে, যা শুধু মেহমান আসলে ব্যবহার করা হয়। এ আসবাবপত্রগুলো কি কুরবানীর নেসাবের অন্তর্ভুক্ত হবে?

-আবু আব্দুল্লাহ

**উত্তর:**

ক. যেহেতু ফলগুলো আপনারা খেয়ে থাকেন, তাই তা প্রয়োজনের অন্তর্ভুক্ত; কুরবানীর নেসাবের অন্তর্ভুক্ত হবে না।

একইভাবে বাড়ির আঙ্গিনায় হওয়ায়, তাতে উশর ওয়াজিব হবে না। পক্ষান্তরে ফল যদি ফলবাগান বা ফসলি জমিতে হয় এবং তাতে পানি দিতে না হয়; বরং বৃষ্টির পানিতেই উৎপাদিত হয়, তাহলে উৎপাদিত ফলের 'উশর' তথা এক দশমাংশ সাদাকা করতে হয়। আর যদি পানি সেচ করতে হয়, তাহলে 'নিসফে উশর' তথা উৎপাদিত ফলের ২০ ভাগের এক ভাগ আদায় করতে হয়। -সহীহ বুখারী (১৪৮৩), আল-আসল (৭/৫৬২) (দারু ইবনে হাযম), ফাতাওয়া বাযযাযিয়্যাহ (১/৬১ ও ৩/১৫৫) (আলমাকতাবাতুল আশরাফিয়্যাহ), ফাতাওয়া তাতারখানিয়্যাহ (১৭/৪০৫, ৪০৫) (যাকারিয়া বুকডিপো), ফাতাওয়া হিন্দিয়্যাহ (৫/২৯২) (দারুল ফিকর) রদ্দুল মুহতার (২/৩২৮ ও ৬/৩১২) (দারুল ফিকর)

খ. অতিরিক্ত গাড়ি অথবা জামা যদি এমন হয় যে, বছরে একবারও ব্যবহার করা হয় না, তাহলে অতিরিক্ত জামা

ও অতিরিক্ত গাড়ি দুটোই কুরবানীর নেসাবের অন্তর্ভুক্ত হবে। পক্ষান্তরে যদি মাঝে মধ্যে ব্যবহার করা হয়, তাহলে তা নেসাবের অন্তর্ভুক্ত হবে না। -বাদায়েউস সানায়ে (৫/৬৪) (দারুল কুতুবিল ইলমিয়্যাহ), রদ্দুল মুহতার (৬/৩১২)

গ. না এগুলো যেহেতু মাঝে মধ্যে ব্যবহৃত হয়, তাই এগুলো কুরবানীর নেসাবের অন্তর্ভুক্ত হবে না। -ফাতাওয়া কাজীখান (৩/২৪২) (আলমাকতাবাতুল আশরাফিয়্যাহ), ফাতাওয়া তাতারখানিয়্যাহ (১৭/৪০৫)।

والله تعالى أعلم بالصواب

**-আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)**

২১-০৪-১৪৪৭ হি.

১৪-১০-২০২৫